# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৫৭

১/ বিবিধ

আরবী

رخص في الشرب من أفواه الأداوي
منكر

رواه الطبراني في " المعجم الكبير " (3/139/1) قال: حدثنا محمد بن عبد الله الحضرمي: أخبرنا عبد الله بن يحيى بن الربيع بن أبي راشد: أخبرنا أبو معاوية عن هشام ابن حسان عن ابن عباس قال: فذكره
قلت: وهذا سند ضعيف، رجاله كلهم ثقات معروفون غير عبد الله بن يحيى بن الربيع بن أبي راشد فلم أجد له ترجمة، وقال الهيثمي في " المجمع " (5/78)
رواه الطبراني، وفيه محمد بن عبد الله بن يحيى بن أبي راشد ولم أعرفه، وبقية رجاله رجال الصحيح، هكذا وقع في النسخة محمد بن عبد الله، وأظنه خطأ من الهيثمي انتقل نظره حين النقل من عبد الله بن يحيى إلى الراوي عنه محمد فكتب: محمد بن عبد الله، والله أعلم
ومما يؤيد ضعف هذا الحديث أنه ثبت من رواية خالد الحذاء عن ابن عباس قال: "
نهى النبي صلى الله عليه وسلم عن الشرب من في السقاء
أخرجه البخاري (4/37 ـ طبع أوربا) والطبراني في " المعجم الكبير " (142/1) وغيرهما
وأخرجه البخاري من حديث أبي هريرة أيضا وأبي سعيد الخدري
فلا يجوز الشرب من فم السقاء كما لا يجوز الشرب قائما، إلا لعذر كما في حديث

كبشة قالت: دخل علي رسول الله صلى الله عليه وسلم فشرب من في قربة معلقة قائما، فقمت إلى فيها فقطعته

أخرجه الترمذي (1/345) وقال

حديث حسن صحيح

فهذا ونحوه محمول على العذر

বাংলা

১০৫৭। তিনি পাত্রগুলোর মুখে মুখ লাগিয়ে পান করতে অনুমতি দিয়েছেন।

হাদীসটি মুনকার।

এটি ত্বাবারানী “আল-মুজামুল কাবীর” (৩/১৩৯/১) গ্রন্থে মুহাম্মাদ ইবনু আব্দিল্লাহ হাযরামী হতে, তিনি আবদুল্লাহ ইবনু ইয়াহইয়া ইবনে রাবী’ হতে, তিনি আবূ মূ’য়াবিয়া হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। আব্দুল্লাহ ইবনু ইয়াহইয়া ইবনির রাবী’ ইবনে আবী রাশেদ ছাড়া সকল বর্ণনাকারী নির্ভরযোগ্য ও পরিচিত। তার জীবনী পাচ্ছি না। হায়সামী “আল-মাজমা” গ্রন্থে (৫/৭৮) বলেনঃ তাকে আমি চিনি না। আমার ধারণা হায়সামী হতে এটি একটি ভুল। নকল করার সময় তার দৃষ্টি আব্দুল্লাহ ইবনু ইয়াহইয়া হতে তার থেকে বর্ণনাকারী মুহাম্মাদ ইবনু আদিল্লাহর দিকে চলে যাওয়ায় তিনি মুহাম্মাদ ইবনু আবদিল্লাহ লিখে ফেলেন।

এ হাদীসটি দুর্বল হওয়াকে শক্তিশালী করছে ইবনু আব্বাস (রাঃ) হতে খালেদ আল-হাযযার বর্ণনায় বর্ণিত হাদীস। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাত্রের মুখে মুখ দিয়ে পান করতে নিষেধ করেছেন।

এটি ইমাম বুখারী (৪/৩৭) ও ত্বাবারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে (৩/১৪২/১) এবং অন্যরা বর্ণনা করেছেন। ইমাম বুখারী আবু হুরাইরাহ (রাঃ) এবং আবু সাঈদ খুদরীর (রাঃ) হাদীস হতেও হাদীসটি বর্ণনা করেছেন।

পাত্রের মুখে মুখ লাগিয়ে পান জায়েয না যেমনিভাবে দাঁড়িয়ে পান করা জায়েয না। তবে ওযরের কারণে তা জায়েয আছে যেমনটি কাবশার হাদীসে এসেছে। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার নিকট প্রবেশ করলেন, অতঃপর তিনি ঝুলন্ত পাত্রের মুখে মুখ লাগিয়ে দাঁড়িয়ে পানি পান করলেন। আমি পাত্রটির মুখের নিকট দাঁড়িয়ে তা কেটে দিলাম।

এটি তিরমিযী (১/৩৪৫) বর্ণনা করে বলেছেনঃ হাদীসটি হাসান সহীহ। এটি ও অনুরূপ হাদীসকে ওযরের কারণে জায়েয হিসেবে গণ্য করা হয়।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71936

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন